


প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: পুঁজিবাজার সম্পর্কিত অসত্য তথ্য বা গুজব প্রকাশ বা প্রচারে সতর্কীকরণ প্রসঙ্গে।

সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, সামাজিক যোগাযোগ মাধ্যমসহ ইন্টারনেট ও অনলাইন অনলাইন প্ল্যাটফর্মে পুঁজিবাজারের বিভিন্ন বিষয়ে যেমন: পুঁজিবাজারের সূচক কোন নির্দিষ্ট দিন বা সময়ে হ্রাস পাবে বা বৃদ্ধি পাবে কিংবা পুঁজিবাজারের সংশ্লিষ্ট কোন ব্যক্তি সম্পর্কে অপপ্রচার, মিথ্যা ও বানোয়াট তথ্য প্রচার কিংবা ম্যাসেঞ্জার ও হোয়াটস অ্যাপসহ বিভিন্ন প্ল্যাটফর্মের অডিও ও ভিডিও ক্লিপের সাহায্যে শেয়ার দর হ্রাস-বৃদ্ধির সম্পর্কে কোন উপযুক্ত তথ্য ছাড়াই কোন নির্দিষ্ট শেয়ার ক্রয় বা বিক্রয় করার উপদেশ কিংবা কোন নির্দিষ্ট কোম্পানির শেয়ারের দর হ্রাস হবে বা বৃদ্ধি পাবে উল্লেখ করে বিবৃতি ও পরামর্শ প্রচার; কোন নির্দিষ্ট খাতের কোম্পানিগুলোর বিষয়ে ভিত্তিহীন তথ্য প্রচার করা হচ্ছে। স্বাধীন গবেষণা দলের গবেষণা লব্ধ তথ্য-উপাত্ত ও বিশ্লেষণ ব্যতীত পুঁজিবাজারের সম্পর্কে ভিত্তিহীন তথ্য প্রচার করা হচ্ছে।

উদ্দেশ্য প্রণোদিতভাবে গুজব ও অসত্য তথ্য ছড়ানো কিংবা বাজার সম্পর্কে ভিত্তিহীন পূর্বাভাস বাজার ও সাধারণ বিনিয়োগকারীদের স্বার্থের পরিপন্থি। সামাজিক যোগাযোগ মাধ্যমসহ ইন্টারনেট ও অনলাইন প্ল্যাটফর্মে পুঁজিবাজার সংশ্লিষ্ট বিষয়ে অপ্রকাশিত তথ্য(undisclosed information) প্রকাশ, পুঁজিবাজারের বিভিন্ন শেয়ার দরের পূর্বাভাস কিংবা ভবিষ্যদ্বাণী(price forecasting or prediction) ইত্যাদিসহ যেকোন ধরনের অসত্য তথ্য ও গুজব ছড়ানো সাইবার নিরাপত্তা আইন, ২০২৩ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। সুতরাং, পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষায় পুঁজিবাজার সংশ্লিষ্ট সকল ব্যক্তি, প্রতিষ্ঠান ও সংগঠনকে এধরনের ভূয়া ও অসত্য তথ্য বা গুজব প্রকাশ অথবা প্রচার থেকে সম্পূর্ণরূপে বিরত থাকতে অনুরোধ করা হ'ল।

উদ্দেশ্য প্রণোদিতভাবে ভিত্তিহীন গুজব ও অসত্য তথ্য ছড়ানো ব্যক্তিদের এই মর্মে সতর্ক করা যাচ্ছে যে, যারা এধরনের কর্মকাণ্ড বা অসত্য তথ্য প্রকাশ বা প্রচারে জড়িত রয়েছেন তাদের বিরুদ্ধে অবিলম্বে যথাযথ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে তাদের তাৎক্ষণিকভাবে আইনের আওতায় আনা হবে। যে বা যারা পুঁজিবাজারের বিভিন্ন বিষয়ে ভিত্তিহীন গুজব ও অসত্য তথ্য ছড়াচ্ছে কিংবা বাজার সম্পর্কে ভিত্তিহীন পূর্বাভাস প্রচার করে বিনিয়োগকারীদের বিভ্রান্ত করার চেষ্টা করছে তাদের বিরুদ্ধে দ্রুত কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।



মোহাম্মদ রেজাউল করিম

নির্বাহী পরিচালক ও মুখপাত্র